দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JAN 2016
পৃষ্ঠা ৬ কলাম ৮

# দোলাইপাড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের অপসারণ দাবিতে মানববন্ধন

■ ইত্তেফাক রিপোর্ট

রাজধানীর দোলাইপাড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে 'দুর্নীতি ও অনিয়মে'র অভিযোগ তুলে অবিলম্বে তার অপসারণ ও পরিচালনা কমিটি বাতিলের দাবি জানিয়েছে শ্যামপুর ও কদমতলী এলাকার 'দুর্নীতি-বিরোধী ছাত্র-শিক্ষক ও অভিভাবক ঐক্য পরিষদ'। গতকাল শুক্রবার জাতীয় প্রেসক্লাবের সামনে আয়োজিত এক মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশে এ দাবি জানানো হয়। মানববন্ধনে শ্যামপুর ও কদমতলী এলাকার কয়েকটি শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষক, অভিভাবক ও সাবেক শিক্ষার্থী অংশ নেন।

শ্যামপুর স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ ও পরিষদের আহ্বায়ক অলিউল ইসলামের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন, মীর হাজিরবাগ আদর্শ উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. ইব্রাহীম, হাজী শরীয়তউল্লাহ উচ্চ বিদ্যালয়ের পরিচালনা কমিটির চেয়ারম্যান সুলতান আহমেদ, দোলাইপাড় উচ্চ বিদ্যালয়ের দাতা সদস্য নজরুল ইসলাম, মুরাদপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পরিচালনা কমিটির সভাপতি মাঈনউদ্দিন বাবু, শিক্ষক মো. জালাল প্রমুখ।

## প্রকাশিত সংবাদ প্রসঙ্গে

গত ১৩ জানুয়ারি দৈনিক ইত্তেফাকের ৫ম পাতায় 'দোলাইপাড় উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক বাধ্যতামূলক ছুটিতে' শীর্ষক প্রকাশিত সংবাদের ব্যাখ্যা দিয়েছেন প্রধান শিক্ষক মো. আতাউর রহমান। এক বিবৃতিতে তিনি বলেন, 'আমি বিদ্যালয় থেকে ছুটি গ্রহণ করিনি এবং আমাকে বাধ্যতামূলক কোন ছুটি দেয়া হয়নি'।